ভোরের কাগজ

২০/১০/২০০১

তারিখ ...............
পৃষ্ঠা ...২... কলাম ...৬...

১৩ অক্টোবর ক্যাম্পাসে বিক্ষোভ

## ঢা.বি উপাচার্যের পদত্যাগের দাবিতে ছাত্রদল আন্দোলন গড়ে তুলবে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের পদত্যাগ এবং উপাচার্য কর্তৃক অবৈধভাবে নিয়োগকৃত শিক্ষকদের নিয়োগ বাতিলের দাবিতে তীব্র আন্দোলন গড়ে তোলার ঘোষণা দিয়েছে ছাত্রদল। আন্দোলনের ধরন কি হবে তা না জানালেও ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, উপাচার্যকে পদত্যাগে বাধ্য করতে আগামী ১৩ অক্টোবর ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং সমাবেশের আয়োজন করা হবে। এরপর অবস্থা বুঝে আন্দোলনের ধরন পাল্টানো হবে।

সদ্য সমাপ্ত জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোটের বিপুল বিজয় উপলক্ষে আয়োজিত আনন্দ মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ একথা বলেন।

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল, নেতৃবৃন্দ বলেন, ছাত্রলীগের যে সব সন্ত্রাসী গত ৫ বছরে শিক্ষার পরিবেশ বিনষ্ট করেছে তাদের বিরুদ্ধে দৃঢ় ব্যবস্থা নিবে ছাত্রদল। নেতৃবৃন্দ বলেন, ছাত্রদলের কোনো সন্ত্রাসী, বহিরাগত হলে থাকতে পারবে না। বিগত ৫ বছরে আওয়ামী লীগ সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সুনাম ক্ষুণ্ন করেছে—এ মন্তব্য করে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ছাত্র রাজনীতি বা সন্ত্রাসের কারণে কারো শিক্ষা জীবন নষ্ট হোক আমরা তা চাই না।